দৈনিক সংবাদ

তারিখ 30 JAN 1990
পৃষ্ঠা ৪ কলাম 2

20 ৭৮

## প্রসঙ্গ ঃ বেসরকারী মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানের সরকারী বেতন মঞ্জুরি

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের বিগত সম্মেলনে ঘোষণা দেয়া হয়েছিল যে, বেসরকারী মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের সরকারী বেতন মঞ্জুরির টাকা প্রতি মাসে দেয়া হবে। এ ঘোষণায় আমাদের মনে একটু আশার সঞ্চার হয়েছিল যে, অন্ততঃ অন্যান্য প্রতিষ্ঠানের মত আমরাও পরিবার পরিজন নিয়ে সচ্ছলভাবে চলতে পারবো। কিন্তু ফলাফল ঘোষণার উষ্ণ বাতাসে বিচরণ করছে। জানুয়ারী মাস প্রায় শেষ হয়ে এলো এখন পর্যন্ত ডিসেম্বর মাসের এম,পি,ও উপজেলা ব্যাংকে পৌঁছেনি। শিক্ষার মান ও সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে হলে শিক্ষকদের পারিশ্রমিক নিয়মিত ও যথাসময়ে দেয়া উচিত বলে মনে করি।

এ ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের সুদৃষ্টি আকর্ষণ করছি যাতে প্রতিমাসের প্রথম সপ্তাহের মধ্যেই শিক্ষকগণ টাকা পেতে পারেন—তার সুব্যবস্থা গ্রহণ করার জন্য।

মোঃ ওসমান গনি,
সহকারী শিক্ষক,
রাজাপুর কহেলা বি,এম,উঃ বিঃ
ধামরাই, ঢাকা।